# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২২৭

৫. কিতাবুল ঈমান (كِتَابُ الْإِيمَانِ)

পরিচ্ছেদঃ আহলে কিতাব তথা ইয়াহুদী ও খ্রীষ্টানদের মাঝে যারা ইসলাম গ্রহণ করবে, তাদেরকে মহান আল্লাহ দ্বিগুণ সাওয়াব দান করবেন

## ذِكْرُ إِعْطَاءِ اللَّهِ جَلَّ وَعَلَا الْأَجْرَ مَرَّتَيْنِ لِمَنْ أَسْلَمَ مِنْ أَهْلِ الْكِتَابِ

---

আরবী

أَخْبَرَنَا مُحَمَّدُ بْنُ عَبْدِ اللَّهِ بْنِ الْجُنَيْدِ قَالَ: حَدَّثَنَا قُتَيْبَةُ بْنُ سَعِيدٍ قَالَ: حَدَّثَنَا هُشَيْمٌ عَنْ صَالِحِ بْنِ صَالِحٍ الْهَمْدَانِيِّ عَنِ الشَّعْبِيِّ قَالَ: رَأَيْتُ رَجُلًا مِنْ أَهْلِ خُرَاسَانَ أَتَاهُ فَقَالَ: يَا أَبَا عَمْرٍو إِنَّ مَنْ قِبَلَنَا مِنْ أَهْلِ خُرَاسَانَ يَقُولُونَ: إِذَا عَتَقَ الرَّجُلُ أَمَتَهُ ثُمَّ تَزَوَّجَهَا فَهُوَ كَالرَّاكِبِ بَدَنَتَهُ فَقَالَ الشَّعْبِيُّ: حَدَّثَنِي أَبُو بُرْدَةَ عَنْ أَبِيهِ أَنَّ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عليه وسلم قَالَ: ثَلَاثَةٌ يُؤْتون أَجْرَهُمْ مَرَّتَيْنِ: رَجُلٌ مِنْ أَهْلِ الْكِتَابِ آمَنَ بِنَبِيِّهِ ثُمَّ أَدْرَكَ النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَآمَنَ بِهِ وَاتَّبَعَهُ فَلَهُ أَجْرَانِ وَعَبْدٌ مَمْلُوكٌ يُؤَدِّي حَقَّ اللَّهِ جَلَّ وَعَلَا عَلَيْهِ وَحَقَّ الَّذِي عَلَيْهِ لِمَوْلَاهُ فَلَهُ أَجْرَانِ وَرَجُلٌ كَانَتْ لَهُ أَمَةٌ فغذَّاها فَأَحْسَنَ غِذَاءَهَا وَأَدَّبَهَا فَأَحْسَنَ أَدبهَا ثُمَّ أَعْتَقَهَا وَتَزَوَّجَهَا فَلَهُ أَجْرَانِ.
قَالَ الشَّعْبِيُّ لِلْخُرَاسَانِيِّ خُذْ هَذَا الْحَدِيثَ بِغَيْرِ شَيْءٍ فَقَدْ كَانَ الرَّجُلُ يرحل إلى المدينة فيما هو دونه.
الراوي : أَبُو بُرْدَةَ عَنْ أَبِيهِ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان
الصفحة أو الرقم: 227 | خلاصة حكم المحدث: صحيح.

বাংলা

২২৭. সালিহ বিন সালিহ আল হামদানী রহিমাহুল্লাহ ইমাম শা'বী রহিমাহুল্লাহ থেকে বর্ণনা করেন, সালিহ হামদানী বলেন: "আমি খুরাসানের এক ব্যক্তিকে ইমাম শা'বীর নিকট আসতে দেখেছি, তিনি ইমাম শা'বীকে বলেন: "হে আবু আমর, আমাদের দিকে খুরাসানবাসী বলে: "যখন কোন ব্যক্তি তার দাসীকে আযাদ করে দেয় তারপর তাকে

বিবাহ করে, সে ব্যক্তি কুরবানীর পশুর উপর আরোহনকারীর মতো!” তখন ইমাম শা‘বী রহিমাহুল্লাহ বলেন: “ আমাকে হাদীস বর্ণনা করেছেন আবু বুরদাহ, তিনি তার বাবা থেকে বর্ণনা করেন যে, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন: তিন শ্রেণির মানুষকে তাদের প্রতিদান দ্বিগুণ দেওয়া হয়। (১) আহলে কিতাবের ঐ ব্যক্তি যিনি তাঁর নাবীর  প্রতি ঈমান আনোয়ন করেছেন। তারপর তিনি নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এর যামানা পান, ফলে তিনি তাঁর প্রতিও ঈমান আনেন এবং তাঁকে অনুসরণ করেন। তার জন্য দ্বিগুণ সাওয়াব। (২) ঐ দাস যে তার উপর আল্লাহর হক আদায় করে এবং তার উপর তার মুনীবের হক আদায় করে। তার জন্য দ্বিগুণ সাওয়াব। (৩) ঐ ব্যক্তি যার একটি দাসী ছিল, অতঃপর তিনি তাকে উত্তমভাবে পানাহার করায়, উত্তমভাবে শিষ্টাচার শিক্ষা দেয়, তারপর তাকে আযাদ করে তাকে বিবাহ করে নেয়। তার জন্য দ্বিগুণ সাওয়াব।”[1]

ইমাম শা‘বী রহিমাহুল্লাহ ঐ খুরাসানী ব্যক্তিকে বলেন: “কোন কিছুর বিনিময় ছাড়াই তুমি হাদীসটি গ্রহণ করো, ইতিপূর্বে মানুষ এর চেয়েও ছোট হাদীস জানার জন্য মদীনায় সফর করতো।”

## ফুটনোট

[1] সহীহ মুসলিম: ১৫৪; দারেমী: ২/১৫৪; তাহাবী, মুশকিলুল আসার: ২/৩৯৪; বাইহাকী: ৭/১২৮; হুমাইদী: ৭৬৮; মুসনাদ আহমাদ: ৪/৩৯৫; সহীহ আল বুখারী: ৩০১১; সহীহ মুসলিম: ১৫৪; তিরমিযী: ১১১৬; মুসনাদ আবী আওয়ানা: ১/১০৩; ইবনু মান্দাহ: ৩৯৫; আত তায়ালিসী: ৫০২; নাসাঈ: ৬/১১৫; ইবনু মাজাহ: ১৯৫৬; বাগাবী, শারহুস সুন্নাহ: ২৫-২৬; আবু দাউদ: ২০৫৩; তাবারানী, আস সাগীর: ১/৪৪।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাঊত রহিমাহুল্লাহ বুখারী ও মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (আস সাহীহাহ: ১১৫৩।)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ সালিহ (রহঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=88526

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন